**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**
**প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)**
**৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।**
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

তারিখ: ১৭ আষাঢ় ১৪৩৩
০১ জুলাই ২০২৬

# প্রশাসনিক পরিপত্র নং- ২৫/২০২৬

কর্পোরেশনের পরিচালনা বোর্ডের ১৯ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত ৬৭১তম সভায় অনুমোদিত **"সিকিউরিটিজ ভ্যালুয়েশন নীতিমালা, ২০২৫"** সকলের অবগতির জন্য এতদ্‌সঙ্গে জারি করা হলো।

০২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

**(মোঃ মারুফ বিল্লাহ)**
সহকারী মহাব্যবস্থাপক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

# সিকিউরিটিজ ভ্যালুয়েশন নীতিমালা-২০২৫

## ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)

# সূচিপত্র


| অধ্যায় | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| প্রথম অধ্যায় | **প্রারম্ভিক** | ৩-৪ |
| দ্বিতীয় অধ্যায় | নীতিমালার উদ্দেশ্য | ৫ |
| | নীতিমালার পরিধি | ৫ |
| তৃতীয় অধ্যায় | **ভ্যালুয়েশন কমিটি** | ৬ |
| | ভ্যালুয়েশন কমিটি | ৬ |
| | কমিটির কার্যপরিধি | ৬ |
| | কমিটির সভা | ৬ |
| চতুর্থ অধ্যায় | **ভ্যালুয়েশন কৌশল** | ৭-৮ |
| পঞ্চম অধ্যায় | বিবিধ | ৯ |

# প্রথম অধ্যায়
## প্রারম্ভিক (Introduction)

### ১.১ পটভূমি

দেশের দ্রুত শিল্পায়নে এবং সুসংহত ও সক্রিয় পুঁজিবাজার, বিশেষ করে সিকিউরিটিজ বাজার উন্নয়নে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) প্রতিষ্ঠালগ্ন থেকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। কোম্পানিসমূহের মূলধন স্বল্পতা পূরণে আইসিবি প্রাতিষ্ঠানিক সহায়তা প্রদান করে থাকে। সঞ্চয় ও বিনিয়োগের হার বৃদ্ধি ও জাতীয় নীতিমালার আলোকে স্বনির্ভর অর্থনীতি গড়ে তোলার প্রয়াসে আইসিবি অপরিহার্য এবং নির্ভরযোগ্য ভূমিকা রাখে। প্রতিষ্ঠালগ্ন থেকে আইসিবি অবলেখন সহায়তাসহ অগ্রিম তথা সেতুঋণ, ইক্যুইটির বিপরীতে ঋণ (শেয়ার পুনঃক্রয়) ইত্যাদি উপায়ে প্রকল্পে অর্থায়ন করে আসছিল। পরবর্তীতে ব্যবসায়িক ক্ষেত্রকে সম্প্রসারণের অংশ হিসাবে ডিবেঞ্চার, প্রি-আইপিও প্লেসমেন্ট, ইক্যুইটি পার্টিসিপেশন, ইক্যুইটির বিপরীতে অগ্রিম, বন্ড, লিজিং ইত্যাদি ইনস্ট্রুমেন্ট এর মাধ্যমে আইসিবি অর্থায়নের পরিধি বৃদ্ধি করে। এছাড়াও নিজস্ব পোর্টফোলিও ম্যানেজমেন্ট এর মাধ্যমে সেকেন্ডারি মার্কেটে সরাসরি বিনিয়োগ কার্যক্রম পরিচালনা করে। আইসিবি'র নিয়মিত অপারেশনাল কার্যক্রমের অংশ হিসেবে লিস্টেড ও নন-লিস্টেড সিকিউরিটিজ এ বিনিয়োগ করে। আইসিবি'র বিনিয়োগের Fair Value নির্ধারণে কোন নীতিমালা না থাকায় অনেক ক্ষেত্রেই বার্ষিক হিসাবে বিনিয়োগের পরিমাণ অতিমূল্যায়ন/অবমূল্যায়নের ঝুঁকি সৃষ্টি হয়। কর্পোরেশনের বিনিয়োগ মূল্যায়নজনিত ঝুঁকি নিরসনের লক্ষ্যে **"সিকিউরিটিজ ভ্যালুয়েশন নীতিমালা-২০২৫"** প্রণয়ন করা প্রয়োজন। এছাড়াও আর্থিক প্রতিবেদনে IFRS/ IAS গাইডলাইন অনুযায়ী বাজারমূল্যে সিকিউরিটিজ এ বিনিয়োগের পরিমাণ নির্ধারণের ক্ষেত্রে এই নীতিমালা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে যা অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতের পাশাপাশি স্টেকহোল্ডারগণের তথ্যভিত্তিক সিদ্ধান্ত গ্রহণে সহায়ক হবে।

### ১.২ সংক্ষিপ্ত শিরোনাম ও কার্যকরের তারিখঃ

**১.২.১** এ নীতিমালা **"সিকিউরিটিজ ভ্যালুয়েশন নীতিমালা-২০২৫"** নামে অভিহিত হবে।

**১.২.২** এ নীতিমালা প্রশাসনিক পরিপত্রের মাধ্যমে কর্পোরেশন কর্তৃক জারির তারিখ হতে কার্যকর হবে।

### ১.৩. গুরুত্বপূর্ণ সংজ্ঞাঃ

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকলে এই নীতিমালায়-

**১.৩.১ "কর্পোরেশন/আইসিবি"** অর্থ ''ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন, ২০১৪'' (২০১৪ সালের ১২ নং আইন) এর অধীন ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি);

১.৩.২ **"এক্সচেঞ্জ"** অর্থ কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীনে নিগমিত একটি শেয়ার দ্বারা সীমিত দায় পাবলিক লিমিটেড কোম্পানী যাহা সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়ের জন্য একটি বাজার অথবা সিকিউরিটিজ এর ক্রেতা- বিক্রেতাদের কার্যক্রম পরিচালনায় সুবিধা প্রদান করে অথবা প্রয়োজনীয় সুবিধাদিসহ এমন একটি প্রতিষ্ঠান যাহা সাধারণভাবে একটি এক্সচেঞ্জ এর সর্বপ্রকার কার্যক্রম পরিচালনা করে;

**১.৩.৩ "ইক্যুইটি সিকিউরিটি"** অর্থ কোন স্টক বা হস্তান্তর যোগ্য শেয়ার (প্রেফারড্ বা কমন), মালিকানার প্রতিনিধিত্ব স্বরূপ/ভোটাধিকার সমৃদ্ধ অনুরূপ সিকিউরিটি, বিনিময়সহ/বিনিময়বিহীন কোন কনভার্টেবল সিকিউরিটি, ওয়ারেন্ট বা রাইট শেয়ার ইত্যাদি;

**১.৩.৪ "বিনিয়োগ"** অর্থ বর্তমানের উপার্জনকৃত/সঞ্চিত অর্থ অথবা পুঁজি ভবিষ্যতের বৃহত্তর ক্রয় ক্ষমতা অর্জনের প্রয়াসে লগ্নি করা;

**১.৩.৫ ''আর্থিক হিসাব বিবরণী''** অর্থ ব্যালান্স শীট, লাভ-লোকসান হিসাব বা আয়-ব্যয় বিবরণী, ক্যাশ প্রবাহ বিবরণী, ইক্যুইটি পরিবর্তন বিবরণী এবং হিসাব সংক্রান্ত নোট;

**১.৩.৬ ''মিউচ্যুয়াল ফান্ড''** অর্থ ট্রাস্ট আকারে গঠিত এমন কোন ফান্ড যার উদ্দেশ্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ অনুসারে অর্থ বাজার ইনস্ট্রুমেন্টে বিনিয়োগের জন্য এক বা একাধিক স্কীমের অধীন জনসাধারণের নিকট ইউনিট বিক্রয়ের মাধ্যমে সংগৃহীত অর্থ;

**১.৩.৭ "বে-মেয়াদি স্কীম (Open-end)"** অর্থ কোন মিউচ্যুয়াল ফান্ডের এমন কোন স্কীম বা ব্যবসা যাহা পরিশোধের জন্য কোন মেয়াদ ও স্কীমের পরিমাণ নির্ধারণ না করে ইউনিট বিক্রয়ের প্রস্তাব করে এবং বুক ক্লোজারের সময় ব্যতিরেকে সারা বছর ধরে ক্রয় ও পুনঃক্রয়ের সুবিধা প্রদানের প্রস্তাব করে;

**১.৩.৮ "মেয়াদি স্কীম (Close-end)"** অর্থ এমন কোন স্কীম বা ব্যবসা যার পরিপক্কতার মেয়াদ নির্ধারিত থাকে, ফান্ডের আকার শুধুমাত্র পুনঃবিনিয়োগ এর মাধ্যমে পরিবর্তিত হতে পারে;

**১.৩.৯ "লিস্টেড সিকিউরিটিজ (Listed Securities)"** অর্থ বাংলাদেশের স্টক এক্সচেঞ্জ এ তালিকাভুক্ত সিকিউরিটিজ;

**১.৩.১০ "নন-লিস্টেড সিকিউরিটিজ (Non Listed Securities)"** অর্থ বাংলাদেশের স্টক এক্সচেঞ্জ এ তালিকাভুক্ত নয় এমন সিকিউরিটিজ;

**১.৩.১১ "ডি-লিস্টেড সিকিউরিটিজ (De-listed Securities)"** অর্থ স্টক এক্সচেঞ্জ এ তালিকাভুক্ত কোন সিকিউরিটিজ যা কোন কারণে তালিকাচ্যুত হয়েছে;

**১.৩.১২ "সম্পদ ব্যবস্থাপক (Asset Manager)"** অর্থ মিউচ্যুয়াল ফান্ড ব্যবস্থাপনা ও পরিচালনা এবং প্রাতিষ্ঠানিক মক্কেলের ফান্ড ব্যবস্থাপনা ও পরিচালনার উদ্দেশ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর অধীন কমিশন কর্তৃক নিবন্ধিত কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান, বীমা কোম্পানি, সংবিধিবদ্ধ সংস্থা বা কোন কোম্পানি, যা কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন গঠিত;

**১.৩.১৩ "ওভার দি কাউন্টার (ওটিসি) মার্কেট"** অর্থ এমন একটি প্ল্যাটফর্ম বুঝাবে যার মাধ্যমে তালিকা বহির্ভূত বা মূল মার্কেট হতে তালিকাচ্যুত কোম্পানিসমূহের শেয়ার লেনদেন হয়ে থাকে;

**১.৩.১৪ "Fair Value"** অর্থ IFRS 13 অনুযায়ী "fair value is defined as the price that would be received to sell an asset or paid to transfer a liability in an orderly transaction between market participants at the measurement date. Essentially, it's an exit price from the perspective of a market participant, considering current market conditions;

১.৩.১৫ **"সর্বশেষ আর্থিক প্রতিবেদন"** অর্থ বিবেচনাধীন সময়ে কোনো কোম্পানির সর্বশেষ সমাপ্ত হিসাব বছরের আর্থিক প্রতিবেদন।

# দ্বিতীয় অধ্যায়

## ২.১ নীতিমালার উদ্দেশ্য

আইসিবি কর্তৃক বিনিয়োগকৃত সিকিউরিটিজ এর Fair Value নির্ধারণ করা।

## ২.২. নীতিমালার পরিধি

আলোচ্য নীতিমালা আইসিবি কর্তৃক বিনিয়োগকৃত নিম্নলিখিত সিকিউরিটিজের ভ্যালুয়েশন এর ক্ষেত্রে প্রযোজ্য হবে-

**ক) লিস্টেড সিকিউরিটিজ**

-ইক্যুইটি সিকিউরিটিজ
-ডিবেঞ্চার
-বন্ড (সরকারি এবং লিস্টেড কর্পোরেট বন্ড)
-মিউচ্যুয়াল ফান্ড

**খ) নন-লিস্টেড এবং ডিলিস্টেড সিকিউরিটিজ**

-ইক্যুইটি সিকিউরিটিজ
-প্রেফারেন্স শেয়ার
-অবলেখনের বিপরীতে প্রাপ্ত সিকিউরিটিজ
-ডিবেঞ্চার
-বন্ড
-মিউচ্যুয়াল ফান্ড

# তৃতীয় অধ্যায়

## ভ্যালুয়েশন কমিটি

### ৩.১. ভ্যালুয়েশন কমিটি:

আইসিবি কর্তৃক বিনিয়োগকৃত লিস্টেড, নন-লিস্টেড, ডিলিস্টেড এবং ওটিসি মার্কেটে লেনদেনযোগ্য সিকিউরিটিজের মূল্য **ভ্যালুয়েশন কমিটি** কর্তৃক নির্ধারিত হবে। **"ভ্যালুয়েশন কমিটি"** নিম্নরূপে গঠিত হবেঃ

| | | |
|---|---|---|
| (০১) | উপ-মহাব্যবস্থাপক, অ্যাকাউন্টস্ ডিভিশন | সদস্য |
| (০২) | উপ-মহাব্যবস্থাপক, পোর্টফোলিও ম্যানেজমেন্ট ডিভিশন | সদস্য |
| (০৩) | সহকারী মহাব্যবস্থাপক, স্টক মার্কেট এনালাইসিস ডিপার্টমেন্ট | সদস্য সচিব |
| (০৪) | সহকারী মহাব্যবস্থাপক, ট্রাস্টি ডিপার্টমেন্ট | সদস্য |
| (০৫) | সহকারী মহাব্যবস্থাপক, সেন্ট্রাল অ্যাকাউন্টস্ ডিপার্টমেন্ট | সদস্য |
| (০৬) | সহকারী মহাব্যবস্থাপক, লোন অ্যাকাউন্টস্ ডিপার্টমেন্ট | সদস্য |
| (০৭) | সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট | সদস্য |

### ৩.২. কমিটির কার্যপরিধি:

(০১) আইসিবি কর্তৃক বিনিয়োগকৃত সিকিউরিটিজ এর Fair Value এই নীতিমালা পরিপালনসাপেক্ষে নির্ধারণ করবে;

(০২) আইসিবি কর্তৃক বিনিয়োগকৃত লিস্টেড কিন্তু বিগত ৬ মাসে লেনদেন হয়নি, নন-লিস্টেড, ডিলিস্টেড এবং ওটিসি মার্কেটে তালিকাভুক্ত কিন্তু বিগত ৬ মাসে লেনদেন সংক্রান্ত তথ্য নেই এমন ইক্যুইটি সিকিউরিটিজের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোম্পানির সর্বশেষ নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদন পর্যালোচনাপূর্বক মূল্য নির্ধারণ করবে;

(০৩) ত্রৈমাসিক ভিত্তিতে কমিটি আইসিবি কর্তৃক বিনিয়োগকৃত সিকিউরিটিজ এর হালনাগাদ তথ্য পর্যবেক্ষণ করবে এবং এতদবিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বরাবর সুপারিশ উপস্থাপন করবে;

(০৪) নতুন কোন সিকিউরিটিজ প্রচলন হলে তার ধরণ অনুযায়ী Fair Value মূল্যায়ন পদ্ধতি নির্ধারণ করবে;

### ৩.৩. কমিটির সভা:

(০১) কমিটির জ্যেষ্ঠতম সদস্য সভায় সভাপতিত্ব করবেন।

(০২) ত্রৈমাসিক ভিত্তিতে আইসিবি'র ত্রৈমাসিক/ ষান্মাষিক/ বার্ষিক হিসাব সম্পন্নের পূর্বে কমিটির সভাপতি কর্তৃক নির্ধারিত সময় ও স্থানে কমিটির সভা অনুষ্ঠিত হবে। তবে জরুরি প্রয়োজনে অন্য যেকোন সময় কমিটির সভা আয়োজন করা যাবে।

(০৩) কমিটি সভায় ন্যূনতম ০৪ (চার) জন সদস্য উপস্থিত থাকলে কোরাম পূরণ হবে এবং সদস্য সচিবের অনুপস্থিতিতে সভায় উপস্থিত কমিটির কনিষ্ঠতম সদস্য সভার সাচিবিক দায়িত্ব পালন করবেন।

# চতুর্থ অধ্যায়
## ভ্যালুয়েশন কৌশল

**৪.১.. তালিকাভুক্ত সিকিউরিটিজের ভ্যালুয়েশনঃ**

আইসিবি'র পোর্টফোলিওতে ধারণকৃত তালিকাভুক্ত সিকিউরিটিজের Fair Value হবে মূল্যায়ন ভিত্তি তারিখে (Reference Date) ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি/ চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে পিএলসি এ সংশ্লিষ্ট সিকিউরিটিজ এর সমাপনী মূল্য (Closing Price)। একই সিকিউরিটিজ এর ক্ষেত্রে ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি -এ সমাপনী মূল্যে পার্থক্য পরিলক্ষিত হলে ঢাকা স্টক এক্সচেঞ্জের সমাপনী মূল্য (Closing Price) প্রাধান্য পাবে। উল্লেখ থাকে যে, তালিকাভুক্ত কোন সিকিউরিটিজ মূল্য নির্ধারণের তারিখ হতে পূর্ববর্তী ০৬ (ছয়) মাসের মধ্যে স্টক এক্সচেঞ্জসমূহে লেনদেন না হলে এর Fair Value নন-লিস্টেড সিকিউরিটিজ ভ্যালুয়েশন পদ্ধতি অনুযায়ী কমিটি কর্তৃক নির্ধারিত হবে।

**৪.২. ওটিসি মার্কেটে লেনদেনযোগ্য সিকিউরিটিজের ভ্যালুয়েশনঃ**

আইসিবি কর্তৃক বিনিয়োগকৃত সিকিউরিটিজসমূহের মধ্যে যে সকল সিকিউরিটিজ ওটিসি মার্কেটে লেনদেন হয় সে সকল সিকিউরিটিজের Fair Value হবে মূল্যায়ন ভিত্তি তারিখে (Reference Date) ঢাকা স্টক এক্সচেঞ্জ/ চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে এর ওটিসি মার্কেটে সংশ্লিষ্ট সিকিউরিটিজ এর সর্বশেষ সমাপনী মূল্য (Closing Price)। তবে উল্লেখ থাকে যে, মূল্য নির্ধারণের তারিখ হতে পূর্ববর্তী ০৬ (ছয়) মাসের মধ্যে লেনদেন না হলে সংশ্লিষ্ট কোম্পানির Fair Value ভ্যালুয়েশন কমিটি কর্তৃক নির্ধারিত হবে।

**৪.৩. নন লিস্টেড এবং ডি-লিস্টেড সিকিউরিটিজের ভ্যালুয়েশনঃ**

আইসিবি কর্তৃক বিনিয়োগকৃত লিস্টেড কিন্তু বিগত ৬ মাসে লেনদেন হয়নি, নন-লিস্টেড, ডিলিস্টেড এবং ওটিসি মার্কেটে তালিকাভুক্ত কিন্তু বিগত ৬ মাসে লেনদেন সংক্রান্ত তথ্য নেই এমন ইক্যুইটি সিকিউরিটিজের Fair Value **ভ্যালুয়েশন কমিটি** কর্তৃক নিম্নরূপে নির্ধারিত হবেঃ

৪.৩.১. ইক্যুইটি সিকিউরিটিজ এর ভ্যালুয়েশন এর ক্ষেত্রে কমিটি সর্বশেষ অডিটর'স রিপোর্ট পর্যালোচনা করে নীট সম্পদ মূল্যের ভিত্তিতে মূল্য নিরূপণ করবে। এক্ষেত্রে কোম্পানির সম্পদ বিবরণীতে সন্দেহজনক, কাল্পনিক (Fictitious), Intangible সম্পদ থাকলে তা বাদ দিতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রভিশন ঘাটতি (যদি থাকে) বিবেচনায় নিতে হবে। তবে, যে সব কোম্পানির মূল্যায়ন ভিত্তি তারিখ (Reference Date) পূর্ববর্তী ০৩ (তিন) বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী নেই অথবা কোম্পানিটির অস্তিত্ব নেই অথবা ধারাবাহিকভাবে ০৩ (তিন) বছর কোনো লভ্যাংশ প্রদান করেনি সে সব কোম্পানির সিকিউরিটিজের Fair Value শূন্য ধরতে হবে;

৪.৩.২. বন্ড/ ডিবেঞ্চার/ প্রেফারেন্স শেয়ার এর বিনিয়োগ IFRS-9 অনুযায়ী পুনর্মূল্যায়ন করতে হবে। এক্ষেত্রে ভ্যালুয়েশন কমিটি নিম্নবর্ণিত বিষয় বিবেচনায় নিয়ে মূল্যায়ন সম্পন্ন করবেঃ

Amortised Cost: যদি বন্ড/ ডিবেঞ্চার/ প্রেফারেন্স শেয়ার "Hold to collect" বা "Held to Maturity" উদ্দেশ্যে রাখা হয় এবং শুধু মূলধন ও সুদ ফেরত আসে তবে এটিকে "Amortised cost" এ পরিমাপ করতে হবে। এখানে ফেয়ার ভ্যালুতে নিয়মিত পুনর্মূল্যায়ন প্রয়োজন নেই।

Fair Value Through Other Comprehensive Income (FVOCI): যদি বন্ড/ ডিবেঞ্চার/ প্রেফারেন্স শেয়ার "hold to collect" বা "Held to Maturity" উদ্দেশ্যে ধরে রাখা হয় এবং মাঝে মাঝে বিক্রিও করা হয়, তবে এটি FVOCI হিসেবে শ্রেণিবদ্ধ হয়। এই ক্ষেত্রে ফেয়ার ভ্যালুতে নিয়মিত পুনর্মূল্যায়ন করতে হবে এবং পুনর্মূল্যায়নের ক্ষেত্রে ট্রেজারি বিলের রেট (৬ মাসের ওয়েটেড এভারেজ রেট) দিয়ে ডিসকাউন্ট করে Fair Value নির্ধারণ করতে হবে।

Fair Value Through Profit or Loss (FVTPL): যদি বন্ড/ ডিবেঞ্চার/ প্রেফারেন্স শেয়ার ট্রেডিং বা লাভের উদ্দেশ্যে ধারণ করা হয় তাহলে এটিকে FVTPL হিসেবে শ্রেণিবদ্ধ করা হবে। এক্ষেত্রে ফেয়ার ভ্যালুতে নিয়মিত পুনর্মূল্যায়ন করতে হবে পুনর্মূল্যায়নের ক্ষেত্রে ট্রেজারি বিলের রেট (৬ মাসের ওয়েটেড এভারেজ রেট) দিয়ে ডিসকাউন্ট করে Fair Value নির্ধারণ করতে হবে।

৪.৩.৩. বে-মেয়াদী মিউচ্যুয়াল ফান্ড এর বিনিয়োগ পুনর্মূল্যায়নের ক্ষেত্রে কমিটি বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ৩০ জুন ২০১৫ তারিখের SEC/CMRRCD/2009-193/172 নং নির্দেশনা পরিপালনপূর্বক Fair Value সুপারিশ করবে। উল্লেখ্য Fair Value নির্ধারণের সময় সম্পদ ব্যবস্থাপক কর্তৃক ঘোষিত পুনঃক্রয়মূল্য বে-মেয়াদী মিউচ্যুয়াল ফান্ডের Fair Value হিসেবে বিবেচিত হবে।

৪.৩.৪. যে সকল বন্ড/ ডিবেঞ্চার/ প্রেফারেন্স শেয়ারে বিনিয়োগের বিপরীতে শিডিউল অনুযায়ী নিয়মিত সুদ/ লভ্যাংশ এবং আসল অর্থ আদায় সম্ভব হয় সেকল সিকিউরিটিজ এর ক্রয়মূল্য Fair Value হিসেবে বিবেচিত হবে। তবে যে ক্ষেত্রে বন্ড/ ডিবেঞ্চার/ প্রেফারেন্স শেয়ারে বিনিয়োগের বিপরীতে শিডিউল অনুযায়ী নিয়মিত সুদ/ লভ্যাংশ এবং আসল অর্থ আদায় সম্ভব হয় না সেকল সিকিউরিটিজ এর Fair Value নিম্নরূপে নির্ধারিত হবেঃ

ক) অর্থ অনাদায়ী হওয়ার পর এক বছর অতিক্রান্ত হলে Fair Value হবে ক্রয় মূল্যের ৭৫%;

খ) অর্থ অনাদায়ী হওয়ার পর দুই বছর অতিক্রান্ত হলে Fair Value হবে ক্রয় মূল্যের ৫০%;

খ) অর্থ অনাদায়ী হওয়ার পর তিন বছর অতিক্রান্ত হলে Fair Value শূন্য ধরতে হবে;

উল্লেখ্য, অ-তালিকাভুক্ত সিকিউরিটিজ এর বিনিয়োগের বিপরীতে প্রাপ্য লভ্যাংশ/ কুপন নগদ আদায় ব্যতীত আয়খাতে স্থানান্তর করা যাবে না।

## পঞ্চম অধ্যায়

## বিবিধ

**৫.১. পর্যালোচনা ও হালনাগাদকরণঃ**

**(০১)** এই নীতিমালায় অন্তর্ভূক্ত কোন বিষয়ে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ও বাংলাদেশ ব্যাংকসহ অন্যান্য রেগুলেটরের আইন, বিধি, প্রবিধি, ডিরেক্টিভ, নোটিফিকেশন এবং সময়ে সময়ে জারীকৃত সার্কুলার এই নীতিমালার ক্ষেত্রেও প্রযোজ্য হবে;

**(০২)** সময়ে সময়ে পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে এ নীতিমালা সংশোধন, পরিবর্তন, পরিমার্জন করা যাবে।

**৫.২. তথ্যের গোপনীয়তাঃ**

ভ্যালুয়েশন কমিটির কোন সদস্য, মূল্যায়ন সংক্রান্ত কোন তথ্য আইনগতভাবে জানার অধিকারভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান ব্যতীত অন্য কারো নিকট প্রকাশ করবেন না।